

স্মারক নম্বরঃ ০৩.৮০৫.০০৫.০০.০০.০২৪.২০১৬.০৩৯- ২০৯০

তারিখঃ ১৭ অক্টোবর ২০১৬

বিষয়ঃ জাতীয় তথ্য বাতায়নের আওতায় মন্ত্রনালয়/বিভাগ/অধিদপ্তরের ওয়েবপোর্টাল তৈরির প্রশিক্ষনে প্রশিক্ষণার্থী মনোনয়ন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়কে জানানো যাচ্ছে যে, প্রধানমন্ত্রীর কার্যালয়ে একসেস টু ইনফরমেশন (এটুআই) প্রোগ্রামে সরকারের 'ডিজিটাল বাংলাদেশ' রূপকল্প ২০২১ বাস্তবায়নে সকল মন্ত্রনালয়/বিভাগ ও অধিদপ্তর এবং এর আওতাধীন সকল দপ্তর সমূহের একই প্ল্যাটফর্মে সকল সরকারি অফিসের ওয়েবপোর্টাল নির্মানের কার্যক্রম চলমান। এরই ধারাবাহিকতায় আগামী ২০-২৪ নভেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত প্রতিদিন সকাল ০৯.০০ – বিকাল ০৫.০০ ঘটিকা পর্যন্ত ০৫(পাঁচ) দিন ব্যাপী মন্ত্রনালয়/বিভাগ/অধিদপ্তরের ওয়েব পোর্টাল সমূহ তৈরির নিমিত্তে প্রধানমন্ত্রীর কার্যালয়ের এ টু আই ট্রেনিং বুসে এ বিষয়ে প্রশিক্ষন প্রদান করা হবে। প্রশিক্ষন চলাকালেই নতুন অবয়বে তঁর মন্ত্রনালয়/বিভাগ/অধিদপ্তরের ওয়েব পোর্টাল সম্পন্ন হবে বলে আশা করা যায়। পোর্টাল প্রশিক্ষন শুরুর পূর্বেই মনোনীত কর্মকর্তাদের পোর্টালে তথ্য সংযোজনের জন্য বাংলা ও ইংরেজিতে কন্টেন্ট সংগ্রহ করতে হবে এবং প্রশিক্ষনের সময় এর সফট কপি সঙ্গে আনতে হবে।

২। এমতাবস্থায়, উক্ত ওয়েব পোর্টাল প্রশিক্ষণে প্রেরণের নিমিত্ত তঁর দপ্তরের সহকারি সিনিয়র সচিব/সহকারি সচিব/সিস্টেম এনালিস্ট/প্রোগ্রামার/সহকারি প্রোগ্রামার পদমর্যাদা পর্যায়ে ০২ (দুই) জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদানের সদয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো এবং মনোনয়ন পত্রটি ও পোর্টালে তথ্য সংযোজনের জন্য বাংলা ও ইংরেজি কন্টেন্ট এর সফট কপি ashrafulamin@a2i.pmo.gov.bd ও ashraf94309@gmail.com এই ই-মেইল ঠিকানায় পাঠানোর জন্য অনুরোধ জানানো হচ্ছে। এক্ষেত্রে যারা ভবিষ্যতে উক্ত ওয়েব পোর্টালটির তথ্য হালনাগাদের কাজ করবে তাদের মনোনয়ন প্রদানের জন্য অনুরোধ করা হল।

প্রাপক,

সচিব  
মন্ত্রনালয়/বিভাগ/অধিদপ্তর

(কবির বিন আনোয়ারি)  
মহাপরিচালক

প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম – II  
প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।  
ফোনঃ ০২- ৯১৪৪৮৪৮, ৮১৫৯৮৯৬  
ফ্যাক্সঃ ০২- ৮১৫৯৮৯৫

ইমেইলঃ kabirbinanwar@a2i.pmo.gov.bd

বিঃদ্রঃ যে কোন তথ্যের প্রয়োজনে যোগাযোগ- মোহাম্মদ আশরাফুল আমিন (০১৭২০২২১১১১), ন্যাশনাল কনসালট্যান্ট, এটুআই।